

মাঝে মাঝে তব দেখা পাই লিরিক্স:-

মাঝে মাঝে তব দেখা পাই
চিরদিন কেন পাই না,
মাঝে মাঝে তব দেখা পাই
চিরদিন কেন পাই না,
কেন মেঘ আসে হৃদয়-আকাশে,
কেন মেঘ আসে হৃদয়-আকাশে,
তোমারে দেখিতে দেয় না।
মোহ-মেঘে তোমারে দেখিতে দেয় না,
মোহ-মেঘে তোমারে অন্ধ করে রাখে
তোমারে দেখিতে দেয় না,
মাঝে মাঝে তব দেখা পাই
চিরদিন কেন পাই না,
মাঝে মাঝে তব।।

ক্ষণিক আলোকে আঁখির পলকে
তোমায় যবে পাই দেখিতে,
ওহে হারাই হারাই সদা হয় ভয়
হারাই হারাই সদা হয় ভয়,
হারাইয়া ফেলি চকিতে
আশ না মিটিতে হারাইয়া
পলক না পড়িতে হারাইয়া,
হৃদয় না জুরাতে হারাইয়া,
ফেলি চকিতে।
মাঝে মাঝে তব দেখা পাই,
চিরদিন কেন পাই না,
মাঝে মাঝে তব।।

কি করিলে বলো পাইবো তোমারে
রাখিব আঁখিতে আঁখিতে,
ওহে এত প্রেম আমি কোথা পাব নাথ
ওহে এত প্রেম আমি কোথা পাব নাথ
তোমারে হৃদয়ে রাখিতে,
আমার সাধ্য কিতা তোমারে
দয়া না করিলে কে পারে
তুমি আপনি না এলে কে পারে
হৃদয়ে রাখিতে।
মাঝে মাঝে তব দেখা পাই,
চিরদিন কেন পাই না,
মাঝে মাঝে তব।।

আর কারো পারে চাহিব না আর
করিব হে আমি প্রাণপণ,
ওহে তুমি যদি বলো এখনি করিবো
তুমি যদি বল এখনি করিবো
বিষয়-বাসনা বিসর্জন দিব,
শ্রীচরণে বিসয়, দিব অকাতরে বিষয়
দিব তোমার লাগি বিষয়
বাসনা বিসর্জন।

মাঝে মাঝে তব দখা পাই,
চিরদিন কেন পাই না,
মাঝে মাঝে তব।।

কেন মেঘ আসেয় হৃদয় আকাশে,
কেন মেঘ আসেয় হৃদয় আকাশে,
তোমারে দেখিতে দেয় না।
মোহ-মেঘে তোমারে দেখিতে দেয় না,
মোহ-মেঘে তোমারে অন্ধ করে রাখে
তোমারে দেখিতে দেয় না,
মাঝে মাঝে তব দেখা পাই
চিরদিন কেন পাই না,
মাঝে মাঝে তব।।